বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

## প্রেস বিজ্ঞপ্তি (সংশোধিত)

১৪ অগ্রহায়ণ ১৪৩২
নম্বর:- ১৭.০০.০০০০.০৪০.১৭.০০৫.২৩-২৭০ তারিখ:- ২৯ নভেম্বর ২০২৫

এতদ্বারা সর্বসাধারণের জন্য জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং গণভোট একই দিনে অনুষ্ঠিত হবে। উক্ত গণভোটে **নিন্মরুপ প্রশ্ন** থাকবে।

**" আপনি কি জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ এবং জুলাই জাতীয় সনদে লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত নিম্নলিখিত প্রস্তাবসমূহের প্রতি আপনার সম্মতি জ্ঞাপন করিতেছেন?; (হ্যাঁ/না)" :**

(ক) নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন এবং অন্যান্য সাংবিধানিক প্রতিষ্ঠান জুলাই সনদে বর্ণিত প্রক্রিয়ার আলোকে গঠন করা হইবে।

(খ) আগামী জাতীয় সংসদ হইবে দুই কক্ষ বিশিষ্ট ও জাতীয় সংসদ নির্বাচনে দলগুলোর প্রাপ্ত ভোটের অনুপাতে ১০০ সদস্য বিশিষ্ট একটি উচ্চকক্ষ গঠিত হইবে এবং সংবিধান সংশোধন করিতে হইলে উচ্চকক্ষের সংখ্যাগরিষ্ঠ সদস্যদের অনুমোদন দরকার হইবে।

(গ) সংসদে নারী প্রতিনিধি বৃদ্ধি, বিরোধী দল হইতে ডেপুটি স্পিকার ও সংসদীয় কমিটির সভাপতি নির্বাচন, মৌলিক অধিকার, বিচার বিভাগের স্বাধীনতা, স্থানীয় সরকার, প্রধানমন্ত্রীর মেয়াদ, রাষ্ট্রপতির ক্ষমতাসহ তফসিলে বর্ণিত যে ৩০টি বিষয়ে জুলাই জাতীয় সনদে ঐকমত্য হইয়াছে- সেগুলো বাস্তবায়নে আগামী সংসদ নির্বাচনে বিজয়ী রাজনৈতিক দলগুলো বাধ্য থাকিবে।

(ঘ) জুলাই জাতীয় সনদে বর্ণিত অপরাপর সংস্কার রাজনৈতিক দলগুলো প্রতিশ্রুতি অনুসারে বাস্তবায়ন করা হইবে।

উপরোক্ত বিষয়গুলো জনস্বার্থে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৯/১১/২৫
(মোঃ রুহুল আমিন মল্লিক)
পরিচালক (জনসংযোগ)
ফোনঃ ৫৫০০৭৫২০

বিতরণ: (জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে):
১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
৩। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, (ওয়েবসাইট, ইউটিউব, ফেসবুক পেজ ইত্যাদি সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করার অনুরোধসহ)
৪। বার্তা প্রধান/ সিএনই...............................টেলিভিশন (সকল)।
৫। সম্পাদক/ বার্তা সম্পাদক..........................পত্রিকা (সকল)।
৬। সভাপতি/ সম্পাদক, RFED।

অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল ঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস ঃ www.ecs.gov.bd